দৈনিক বাংলা

তারিখ 07 SEP 1996
পৃষ্ঠা ৭ কলাম ৩

# ৭৭১ জন আবাসিক ছাত্র হলের বাইরে রয়েছেন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১১টি ছাত্র হলের মোট ৭৭১ জন আবাসিক ছাত্র রাজনৈতিক কারণে সংশ্লিষ্ট আবাসিক হলের বাইরে অবস্থান করছেন। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও গণতান্ত্রিক ছাত্রঐক্যের মধ্যস্থতায় ছাত্রলীগ (শা-পা) ও ছাত্র দলের মধ্যে যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে ঐ চুক্তি বাস্তবায়নের প্রথম পর্যায়ে আগামীকাল রোববার তারা স্ব স্ব হলে উঠবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলি সূত্রে জানা গেছে এই সকল ছাত্রের মধ্যে স্যার এএফ রহমান এবং হাজী মুহম্মদ

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **৭৭১ জন**

মুহসীন হলের আবাসিক ছাত্ররাই বেশী। আবাসিক হলের বাইরে অবস্থানকারী ছাত্রদের হলওয়ারী তালিকা হচ্ছে এফ রহমান হলের ১৭৫ জন, মুহসীন হলের ১৪০ জন, শহীদুল্লাহ হলের ৫৩ জন, ফজলুল হক হলের ৮০ জন, সূর্যসেন হলের ৬০ জন, কবি জসীম উদ্দীন হলের ৪৫ জন, জিয়া হলের ৪০ জন, মুজিব হলের ৬৩ জন, জহুরুল হক হলের ৩৫ জন, সলিমুল্লাহ হলের ৫৫ জন এবং জগন্নাথ হলের ২৫ জন।